জনতা ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়, ঢাকা

বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট

নির্দেশ বিজ্ঞপ্তি নং:১২৪৫/২৪

তারিখ: ০১ জানুয়ারি ২০২৪
১৭ পৌষ ১৪৩০

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারি মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/ বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী, বাংলাদেশ।

**বিষয়: "জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম" চালুকরণ প্রসঙ্গে।**

জনতা ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোভিড-১৯ পরবর্তী বৈশ্বিক আর্থিক বিপর্যয় এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দার প্রভাব থেকে উত্তরণের নিমিত্ত নিংবিঃ ১২০৫/২৩ এর মাধ্যমে "১০১ দিনের বিশেষ কর্মপরিকল্পনা-২০২৩" এর আওতায় আমানত সংগ্রহের বিশেষ কর্মসূচি পালন উপলক্ষে নতুন প্রোডাক্ট প্রণয়ন ও বাজারজাতকারণের সিদ্ধান্ত গ্রহণ করে। এরই ধারাবাহিকতায় ব্যাংকের আমানত বৃদ্ধিকল্পে গত ০৫/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৯৬ তম সভায় "জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম" শীর্ষক আমানত স্কীম চালু করার অনুমোদন দেয়া হয়েছে।

নির্দিষ্ট পরিমাণ টাকা এককালীন জমা করে কোন ঝামেলা ছাড়াই প্রতিমাসে নির্দিষ্ট পরিমাণ আয়-প্রত্যাশী মানুষদের মুনাফা প্রদানের উদ্দেশ্যে জনতা ব্যাংক পিএলসি. এই মাসিক মুনাফা প্রদানকারী নতুন স্কীম চালু করেছে। এককালীন (০১) এক লক্ষ হতে তদুর্ধ্ব টাকা জমা রেখে মাসিক হারে মুনাফা প্রদানকারী এই স্কীমটি হলো "জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম"। মধ্যম আয়ের মানুষসহ অবসরভোগীগণ তাদের কষ্টার্জিত সঞ্চিত অর্থ এ স্কীমের আওতায় বিনিয়োগ করে একটি নির্দিষ্ট হারে মুনাফা অর্জন করে প্রতি মাসে নিশ্চিত আয়ের পথ পাবে।

**এ হিসাবের বিশেষ সুবিধা:**

- গ্রাহক নিজ নামে এক বা একাধিক স্কীম খুলে ন্যূনতম ০১ (এক) লক্ষ টাকা থেকে যে কোন পরিমাণ পর্যন্ত অর্থ বিনিয়োগ করে হিসাব পরিচালনা করতে পারবে। অর্থাৎ এখানে টাকা জমা রাখার কোন সীমা (Limit) থাকবে না;
- মুনাফার অর্থ মাসিক ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে সঞ্চয়ী/ চলতি হিসাবে জমা হবে। ফলে গ্রাহক যে কোন সময় তা উত্তোলন করতে পারবে;
- অনলাইন ব্যাংকিং সুবিধা থাকার কারণে গ্রাহক জনতা ব্যাংকের যে কোন শাখায় স্থিত সঞ্চয়ী/ চলতি হিসাবে মুনাফা জমা করতে পারবেন এবং যে কোন শাখার মাধ্যমে উক্ত হিসাব হতে টাকা উত্তোলন করতে পারবেন;
- প্রয়োজনে অত্র ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় বিনাখরচে হিসাব স্থানান্তর করা যাবে;
- ত্রৈমাসিক ভিত্তিতে বিনাখরচে হিসাব বিবরণী প্রদান করা হবে;
- জমাকৃত মূল টাকার বিপরীতে ঋণ সুবিধা দেয়া হবে।

১.০০ **স্কীমের নাম :** জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম (JB Amar Shonchoy Amar Munafa Scheme, JBASAMS)

২.০০ **হিসাবের মেয়াদকাল :** ০৩(তিন) বছর ও ০৫(পাঁচ) বছর।

৩.০০ **এককালীন জমাকৃত অর্থের পরিমাণ :** ন্যূনতম ০১ (এক) লক্ষ টাকা এবং ০১ (এক) লক্ষ টাকার গুণিতক।

৪.০০ **মুনাফা প্রদান :** নির্দিষ্ট পরিমাণ অর্থের ওপর মাসিক হারে মুনাফা প্রদান ও তা গ্রাহকের নিজ নামীয় সঞ্চয়ী/ চলতি হিসাবে স্বয়ংক্রিয়ভাবে জমা হবে। অর্থাৎ যে দিন হিসাব খোলা হবে তার পরবর্তী মাসের উক্ত তারিখে গ্রাহকের নিজ নামীয় সঞ্চয়ী/ চলতি হিসাবে মুনাফা জমা করা হবে।

৫.০০ **গ্রাহকের বয়সসীমা :** ১৮ হতে তদুর্ধ্ব বয়সের সুস্থ মস্তিষ্কসম্পন্ন বাংলাদেশী নাগরিক।

৬.০০ **হিসাব খোলার পদ্ধতি ও নিয়মাবলি :**

৬.১. ১৮ (আঠারো) হতে তদুর্ধ্ব বয়সের এবং সুস্থ মস্তিষ্কসম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে জনতা ব্যাংক পিএলসি. এর যেকোন শাখায় ০১ (এক) লক্ষ হতে ০১ (এক) লক্ষ টাকার গুণিতক যে কোন পরিমাণ টাকা জমা করে এক বা একাধিক হিসাব খুলতে পারবেন। মুনাফা জমাকরণের জন্য গ্রাহকের নিজ নামে জনতা ব্যাংক পিএলসি.এ একটি সঞ্চয়ী/ চলতি হিসাব থাকতে হবে।

৬.২ নাবালকের নামে বা যুগ্ম নামে এ প্রকল্পের আওতায় হিসাব খোলা যাবে না।

৬.৩ প্রতিষ্ঠানের নামে এ স্কীমের আওতায় হিসাব খোলা যাবে না।

৬.৪ **হিসাব খোলার জন্য প্রয়োজনীয় কাগজপত্র :** মাসের যে কোন কর্মদিবসে জনতা ব্যাংক পিএলসি.এর যেকোন শাখায় নিম্নলিখিত নিয়মাচার পরিপালন সাপেক্ষে বর্ণিত স্কীমের আওতায় হিসাব খোলা যাবে।

ক) হিসাবধারীর জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এর ফটোকপি;

খ) হিসাবধারীর সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;

গ) নমিনির ১(এক) কপি ছবি (হিসাবধারী কর্তৃক সত্যায়িত) এবং জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এর ফটোকপি। নমিনি নাবালক হলে জন্ম নিবন্ধনের ফটোকপি (হিসাবধারী কর্তৃক সত্যায়িত) ;

ঘ) নতুন জাতীয় পরিচয়পত্র প্রাপ্তি সময় সাপেক্ষ হওয়ায় পরিস্থিতি বিবেচনায় গ্রাহকের ২০(বিশ) বছর হওয়া পর্যন্ত জন্ম নিবন্ধন সনদ গ্রহণযোগ্য হবে ;

ঙ) হিসাবধারীর TIN সার্টিফিকেট এর ফটোকপি। TIN-ধারী নন এমন ব্যক্তিও হিসাব খুলতে পারবেন, সেক্ষেত্রে সরকারি নিয়ম অনুসারে উৎসে কর কর্তন করা হবে;

চ) সকল দলিলের ফটোকপি অত্র ব্যাংকের সিনিয়র অফিসার ও তদুর্ধ্ব কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৬.৫ গ্রাহক ইচ্ছা করলে মাসিক মুনাফা আবেদন করার মাধ্যমে তার জনতা ব্যাংক স্মার্ট একাউন্টে স্থানান্তর করতে পারবেন।

পরবর্তী পৃষ্ঠা/০২

**বিষয়: "জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম" চালুকরণ প্রসঙ্গে।**

৬.৬ হিসাব খোলার ফরমে এককালীন জমার পরিমাণ (অংক এবং কথায়), হিসাব খোলার তারিখ, মেয়াদকাল এ কোনরূপ কাটাকাটি, ঘষা-মাজা, উপরিলিখন, পরিবর্ধন কিংবা পরিমার্জন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। এ কারণে কোন সমস্যার উদ্ভব হলে শাখা প্রধান এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর ওপর দায়ভার বর্তাবে।

৬.৭ অত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্দিষ্ট মেয়াদের বিপরীতে অন্য কোন মেয়াদে হিসাব খোলা হলে, হিসাব খোলার পর হিসাবের মেয়াদ পরিবর্তন করা হলে, নির্ধারিত সময়ের পূর্বে মুনাফা জমা করা হলে হিসাবটি বন্ধ করা হবে। এ জন্য হিসাব খোলার কর্মকর্তা, হিসাব পরিচালনাকারী কর্মকর্তা, শাখা ব্যবস্থাপক এবং হিসাবধারী সমভাবে দায়ী থাকবেন।

**৭.০০ সুদের হার ও প্রতি লক্ষ টাকায় মাসিক প্রাপ্য মুনাফা :**

০৩ (তিন) বছর মেয়াদী স্কীমের ক্ষেত্রে বার্ষিক ৮.০০% সরল সুদ হারে ৬৬৭/- টাকা (ছয়শত সাতষট্টি) এবং ০৫ (পাঁচ) বছর মেয়াদী স্কীমের ক্ষেত্রে বার্ষিক ৮.২৫% সরল সুদ হারে ৬৮৮/- টাকা (ছয়শত আটাশি) মাসিক ভিত্তিতে গ্রাহক মুনাফা প্রাপ্য হবেন। অর্থাৎ মাসের যে তারিখেই হিসাব খোলা হোক না কেন, এক মাস পূর্ণ হবার পর প্রয়োজনীয় কর্তন (সরকারি নীতিমালা অনুযায়ী) শেষে গ্রাহকের হিসাবে মুনাফার টাকা প্রদান করা হবে। এক্ষেত্রে গ্রাহক মাসের যে তারিখে স্কীমটি খুলবেন পরবর্তী মাসের ঐ তারিখে প্রদেয় মুনাফা গ্রাহকের সঞ্চয়ী/ চলতি হিসাবে জমা করা হবে।

**৮.০০ নমিনি মনোনয়ন :**

**৮.১.** হিসাবধারী তার হিসাবে নমিনি নিযুক্ত করবেন এবং যে কোন সময় লিখিত আবেদনের মাধ্যমে নমিনি পরিবর্তন করতে পারবেন;

৮.২ নাবালককে নমিনি করতে চাইলে সেক্ষেত্রে নাবালককে সনাক্ত করতে হবে এবং সনাক্তকারীর জাতীয় পরিচয়পত্র হিসাব খোলার অন্যান্য কাগজপত্রের সাথে শাখায় সংরক্ষণ করতে হবে।

**৯.০০ মেয়াদের পূর্বে হিসাব বন্ধ করা হলে :**

গ্রাহক ইচ্ছা করলে যে কোন সময় তার অনুকূলে ইস্যুকৃত ইন্সট্রুমেন্ট ('জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম' এর রশিদ) সহ সংশ্লিষ্ট শাখা প্রধানের বরাবরে লিখিত আবেদন করে স্বীয় হিসাব বন্ধ করতে পারবেন। এ ক্ষেত্রে হিসাববন্ধকরণ চার্জ ও সরকারি আবগারী শুল্ক আদায়সহ নিম্নোক্ত নিয়মাবলী পরিপালনযোগ্য হবে:

**৯.১ হিসাবের মেয়াদকাল ১(এক) বছরের কম হলে :**

এক্ষেত্রে ৩ মাসের মধ্যে হিসাব বন্ধ করলে গ্রাহক কোন সুদ প্রাপ্য হবেন না। অর্থাৎ ৩ মাস পূর্ণ হবার পূর্বে হিসাব বন্ধ করা হলে প্রদত্ত মুনাফা ও প্রয়োজনীয় কর্তন (সরকারি নীতিমালা অনুযায়ী) করে অবশিষ্ট অর্থ গ্রাহকের সঞ্চয়ী/ চলতি হিসাবে জমা করা হবে। ৩ মাস থেকে ০১ বছর পূর্ণ হওয়া পর্যন্ত সময়ে হিসাব বন্ধ করা হলে প্রচলিত সঞ্চয়ী হিসাবের সুদহারে মুনাফা প্রদান করা হবে।

**৯.২ হিসাবের মেয়াদকাল অনুসারে ১(এক) বছরের অধিককাল অতিক্রান্ত হওয়ার ক্ষেত্রে নিম্নোক্ত হারে মুনাফা প্রদান করা হবে :**

**৩ বছর মেয়াদী স্কীমের ক্ষেত্রে :**

ক) ০১ (এক) বছরের বেশি কিন্তু ০২ (দুই) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে প্রচলিত সঞ্চয়ী হিসাবের সুদহার+১% সরল মুনাফা প্রদান করা হবে।

খ) ০২ (দুই) বছরের বেশি কিন্তু ০৩ (তিন) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে প্রচলিত সঞ্চয়ী হিসাবের সুদহার+১.৫% সরল সুদহারে মুনাফা প্রদান করা হবে।

**৫ বছর মেয়াদী স্কীমের ক্ষেত্রে :**

ক) ০১ (এক) বছরের বেশি কিন্তু ০২ (দুই) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে প্রচলিত সঞ্চয়ী হিসাবের সুদহার+১% সরল মুনাফা প্রদান করা হবে।

খ) ০২ (দুই) বছরের বেশি কিন্তু ০৩ (তিন) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে প্রচলিত সঞ্চয়ী হিসাবের সুদহার+১.৫% সরল সুদহারে মুনাফা প্রদান করা হবে।

গ) ৩ (তিন) বছরের বেশি কিন্তু ০৪ (চার) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৩ (তিন) বছর পর্যন্ত স্কীমের নিয়মানুসারে সুদ প্রদান এবং অবশিষ্ট সময়ে প্রচলিত সঞ্চয়ী হিসাবের সুদহার+২% সরল সুদহারে মুনাফা প্রদান করা হবে।

**অনুচ্ছেদ ৯.২ এর ক, খ এবং গ পরিপালনের ক্ষেত্রে অতিরিক্ত পরিশোধিত মুনাফা আদায়যোগ্য হবে এবং তা সংশ্লিষ্ট সুদ ব্যয় খাতে জমাকরণপূর্বক সমন্বয় করতে হবে ।**

ঘ) ৪ (চার) বছরের বেশি কিন্তু ৫ (পাঁচ) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে প্রদত্ত কোন মুনাফা **কর্তন করা হবে না**, গ্রাহককে তার মূল জমাকৃত অর্থ ফেরত প্রদান করা হবে। তবে এক্ষেত্রে যে মাসে হিসাব বন্ধ করবেন, সে মাসের সুদ পাবেন না।

**১০.০০ হিসাবের মেয়াদপূর্তির পূর্বে হিসাবধারীর মৃত্যু হলে করণীয় :**

**১০.১.** হিসাবধারীর মৃত্যুর দিন হতেই হিসাবের কার্যক্রম বন্ধ হয়ে যাবে এবং হিসাবধারী মৃত্যুর পর ঋণ সমন্বয়পূর্বক (যদি থাকে) নমিনি হিসাবের অর্থ প্রাপ্য হবেন, সেক্ষেত্রে শাখা পর্যায়েই হিসাবটি নিষ্পত্তিযোগ্য হবে। তবে নমিনি নাবালক হলে, সেক্ষেত্রে যথাযথ আদালত কর্তৃক প্রদত্ত নির্দেশনা/ সিদ্ধান্ত/ গৃহীত ব্যবস্থা চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

**১০.২** নমিনিকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত প্রমাণকসমূহ উপস্থাপন করতে হবে :

(ক) নমিনি/ আইনানুগ অভিভাবকের (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) আবেদনপত্র;

(খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হিসাবধারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র অথবা মৃত্যু নিবন্ধনের প্রমাণক;

(গ) নমিনি/ আইনানুগ অভিভাবকের (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(ঘ) নমিনি/ আইনানুগ অভিভাবকের (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি;

(ঙ) ভবিষ্যতে কোন জটিলতা বা সমস্যার উদ্ভব হলে তা সমাধানের জন্য নমিনি অথবা আইনানুগ অভিভাবক (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক ব্যাংকের অনুকূলে সম্পাদিত ইনডেমনিটি বন্ড;

(চ) নমিনির পরিচয় যাচাইয়ের জন্য ছবি ও স্বাক্ষর সত্যায়নপূর্বক স্থানীয় চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(ছ) গ্রাহককে প্রদেয় 'জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম' এর রশিদ (ইস্যুকৃত ইন্সট্রুমেন্ট) এর মূলকপি।

**১০.৩** হিসাবধারীর মৃত্যু হলে নমিনি কর্তৃক শাখাকে বিষয়টি যথাশীঘ্র অবহিত করতে হবে। অন্যথায় উদ্ভূত যে কোন জটিলতার জন্য ব্যাংক কর্তৃপক্ষ দায়ী থাকবেন না।

পরবর্তী পৃষ্ঠা/০৩

বিষয়: "জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম" চালুকরণ প্রসঙ্গে।

**১০.৪ হিসাবধারীর মৃত্যুর পর নমিনি হিসাব পরিচালনা করতে চাইলে :**

গ্রাহকের মৃত্যুর পর নমিনি ইচ্ছে করলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাবটি পরিচালনা করতে পারবেন। তবে সেক্ষেত্রে,

- স্কীম হিসাবধারী ব্যক্তির স্ত্রী/ স্বামী/ সন্তান নমিনি হলেই কেবলমাত্র এ বিশেষ সুবিধা প্রাপ্য হবেন ;
- উক্ত স্কীম হিসাবের বিপরীতে ঋণ থাকলে এ সুবিধা প্রযোজ্য হবে না ;

এ সুবিধা গ্রহণের জন্য যথাশীঘ্র সম্ভব নমিনির লিখিত আবেদনপত্রসহ ১০.২ অনুচ্ছেদ এ বর্ণিত সকল কাগজপত্রাদি গ্রহণ করতে হবে। শাখা কর্তৃক সকল কাগজপত্রাদির সঠিকতা যাচাইবাছাইপূর্বক নিশ্চিত হয়ে স্কীম হিসাবটি মেয়াদপূর্তি পর্যন্ত চালু রাখা যেতে পারে।

এক্ষেত্রে গ্রাহকের মৃত্যুর পূর্বে যে হিসাবে মাসিক মুনাফা জমা করা হত, তা বন্ধ করে নমিনির নিজ নামীয় নতুন সঞ্চয়ী/ চলতি হিসাব খুলে অথবা শাখায় নমিনির বিদ্যমান সঞ্চয়ী/ চলতি হিসাবে মাসিক মুনাফার অর্থ জমা করা হবে।

**১১.০০ হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান :**

হিসাবধারী নিজস্ব প্রয়োজনে নিজ হিসাবের স্থিতি লিয়েনপূর্বক নিম্নবর্ণিত শর্তে ঋণ গ্রহণ করতে পারবেন:

| | | | |
|---|---|---|---|
| ১ | সংশ্লিষ্ট হিসাবের মেয়াদকাল | | হিসাবের মেয়াদকাল কমপক্ষে ০১ (এক) বছর পূর্ণ হতে হবে। |
| ২ | ঋণের প্রকৃতি | | লোন জেনারেল/ সিকিউরড ওভার ড্রাফট (এসওডি)। |
| ৩ | ঋণসীমা | | হিসাবে নিজস্ব জমার সর্বোচ্চ ৭৫%। |
| ৪ | ঋণের সময়কাল | | লোন জেনারেল ২ (দুই) বছর, সিকিউরড ওভার ড্রাফট (এসওডি) ১২ (বার) মাস। তবে লোন জেনারেল/ ওভার ড্রাফটের মেয়াদ কোনক্রমেই সংশ্লিষ্ট হিসাবের মেয়াদপূর্তির পর নির্ধারণ করা যাবে না। অর্থাৎ সংশ্লিষ্ট হিসাবের মেয়াদপূর্তির সাথে সামঞ্জস্য রেখে ঋণ হিসাবের সর্বোচ্চ মেয়াদ নির্ধারণ করতে হবে। |
| ৫ | মঞ্জুরী ক্ষমতা | | অত্র ব্যাংকের ঋণ মঞ্জুরী ক্ষমতাবিধি অনুযায়ী। |
| ৬ | ঋণের সুদের হার | | সংশ্লিষ্ট মাসিক মুনাফা স্কীমের হিসাবের সুদহার+ ৩%,(পরিবর্তনশীল) এছাড়া ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত সমসাময়িক সার্কুলার অনুসরণযোগ্য। |
| ৭ | পরিশোধ পদ্ধতি : | ক | লোন জেনারেল এর ক্ষেত্রে: লোন জেনারেলের ক্ষেত্রে নির্ধারিত কিস্তির ভিত্তিতে আদায়যোগ্য। |
| | | খ | ওভার ড্রাফট এর ক্ষেত্রে : ওভার ড্রাফট এর ক্ষেত্রে ওভার ড্রাফট এর নিয়মাবলি প্রযোজ্য হবে। |
| ৮ | দলিল পত্রাদি/ প্রয়োজনীয় কাগজপত্র | | গ্রাহকের আবেদনপত্র,স্কীমের জন্য গ্রাহককে প্রদত্ত রশিদ, ক্ষমতা অর্পণপত্রসহ লোন জেনারেল/ ওভার ড্রাফট এর ক্ষেত্রে প্রযোজ্য দলিলপত্রাদি। |
| ৯ | স্বীকৃতি | | সকল শর্ত উল্লেখপূর্বক ঋণ বিতরণের পূর্বে ঋণ গ্রহীতার লিখিত স্বীকৃতি গ্রহণ করতে হবে। |
| ১০ | বিশেষ শর্ত | | বাংলাদেশ ব্যাংক বা অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সমসাময়িক ঋণ শ্রেণিকরণ (CL) এর নিয়মানুযায়ী লোন জেনারেল এর ক্ষেত্রে ঋণটি SMA হওয়ার পরপরই আমানতকারীকে অবহিত করতে হবে। গ্রাহক ১৫ দিনের মধ্যে ঋণ হিসাবের বকেয়া জমা না করলে শাখা পরবর্তী ১০ দিনের মধ্যে স্কীম হিসাবটির সমুদয় অর্থ দ্বারা ঋণ হিসাবটি সমন্বয় করতে হবে এবং অবশিষ্ট অর্থ (যদি থাকে) গ্রাহকের সঞ্চয়ী/ চলতি হিসাবে জমা করতে হবে। |

**১২.০০ বিশেষ নির্দেশাবলী :**

- হিসাব খোলা এবং পরিচালনার নিয়মাবলী/ নীতিমালা ('পরিশিষ্ট-ক' মোতাবেক) সরবরাহ করতে হবে যা হিসাবধারী পাঠ করে সম্মতি প্রদানপূর্বক স্বাক্ষর করবেন। উল্লেখ্য, হিসাবধারী কর্তৃক স্বাক্ষরিত কপি শাখায় Account Opening Application form এর সাথে সংরক্ষণ করতে হবে এবং এর এক কপি হিসাবধারীকে প্রদান করতে হবে।
- হিসাব খোলার ফরম এ গ্রাহকের পরিবারের এক বা একাধিক সদস্য/ আপনজনের স্থায়ী/ বর্তমান পূর্ণ ঠিকানা, যোগাযোগের জন্য মোবাইল নম্বর নিশ্চিত হয়ে সংরক্ষণ করতে হবে।
- এ স্কীম হিসাবের বিপরীতে চেক বই ইস্যু করা হবে না।
- সরকারি আদেশ/ নির্দেশের প্রেক্ষিতে কর/ অন্যান্য পাওনা আদায়যোগ্য হবে। অর্থাৎ সরকারি নির্দেশনা অনুযায়ী উৎসে কর/ আবগারী শুল্ক এর হার পরিবর্তীত হলে অথবা অন্য কোন চার্জ আদায়যোগ্য হলে সে অনুযায়ী মুনাফা নির্ধারিত পরিমাণ হতে কম/বেশি প্রদান করা হবে।
- প্রস্তাবিত স্কীমটির বিপরীতে প্রযোজ্য হারে Account Maintenance Fee (AMF), SMS Charge, OIBTA Charge প্রযোজ্য হবে না।
- মেয়াদান্তে স্কীম হিসাবের মূল স্থিতি কম হলে গ্রাহকের প্রাপ্ত মুনাফা বিকলন করে সমন্বয় করতে হবে।
- মেয়াদপূর্তি বা মেয়াদপূর্তির পূর্বে যখনই গ্রাহক হিসাব বন্ধ করবেন, তখনই তাকে 'জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম' এর রশিদ শাখায় দাখিল করতে হবে।
- ইস্যুকৃত ইন্সট্রুমেন্ট হারিয়ে গেলে, বিকৃত বা নষ্ট হয়ে গেলে নির্দেশ বিজ্ঞপ্তি নং ১৮৫৮ তারিখ ০৬.০৮.১৯৮৫ অনুসরণ করত ডুপ্লিকেট ইন্সট্রুমেন্ট সরবরাহ করা যাবে।

**১৩.০০ হিসাব খোলা এবং পরিচালনার জন্য ফরম ও অন্যান্য কাগজপত্রের ব্যবহার:**

১৩.১ আলোচ্য সঞ্চয় প্রকল্পের হিসাব খোলার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত ব্যক্তিক হিসাব খোলার ফরম (এফ.ডি.আর ও বিশেষ স্কীম) ব্যবহৃত হবে অথবা বাংলাদেশ ব্যাংক বা অত্র ব্যাংক কর্তৃক জারিকৃত এ সংক্রান্ত সমসাময়িক বিধিমালা/ সার্কুলার অনুসৃত হবে;

১৩.২ আলোচ্য সঞ্চয় প্রকল্পের জন্য বর্তমানে প্রচলিত স্থায়ী আমানত রশিদ (Fixed Deposit Receipt) এর উপর ' জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম' নামে সিল ব্যবহার করতে হবে;

১৩.৩ জেনারেল লেজারে ফিক্সড ডিপোজিট এর অধীন "জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম" বা 'JB Amar Shanchoy Amar Munafa Scheme (JBASAMS)', সুদ ব্যয়ের অধীনে "Interest on JBASAMS" এবং অন্যান্য দায়ের অধীন 'Interest on JBASAMS' নামীয় ৩টি হিসাব খুলতে হবে। (সংশ্লিষ্ট বিষয়টি এ্যাকাউন্টস বিভাগ, ICTD-Operation কর্তৃক সম্পন্ন করতে হবে);

১৩.৪ হিসাব বন্ধের ক্ষেত্রে হিসাবের অতিরিক্ত প্রদত্ত সুদ কর্তন করে সংশ্লিষ্ট ব্যয়ের খাত "Interest on JBASAMS" সাথে সমন্বয় করতে হবে;

পরবর্তী পৃষ্ঠা/০৪

**বিষয়: "জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম" চালুকরণ প্রসঙ্গে।**

১৩.৫ অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক দ্রুততম সময়ের মধ্যে উক্ত সঞ্চয়ী স্কীমের জমা স্লিপ/ অভিন্ন জমা স্লিপ বই ডিজাইন ও প্রিন্টিং এর ব্যবস্থা গ্রহণপূর্বক শাখাসমূহে তা সরবরাহের ব্যবস্থা করতে হবে। উক্ত কার্যাদি সম্পাদনের মধ্যবর্তী সময়ে অন্য স্কীমের জমা রশিদে "জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম " নাম লিখে টাকা জমা গ্রহণ করা যাবে। নগদ টাকা জমা প্রদানের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে। এছাড়া গ্রাহক চেক/ আরটিজিএস/ ওআইবিটিএ/ বিএফটিএন/ই-জনতা অ্যাপ এর মাধ্যমে টাকা জমা করতে পারবেন। উক্ত অর্থ ব্যাংকে জমা হওয়ার পর গ্রাহক এর অনুকূলে স্কীম সুবিধা চালু হবে।

**১৪.০০ হিসাবের প্রতিবেদন প্রেরণ :**
অত্র ব্যাংকের আইটি ডিপার্টমেন্ট কর্তৃক "জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম" হিসাব সংক্রান্ত হিসাব বিবরণী সংগ্রহ করার ক্ষেত্রে একটি রিপোর্টিং সিস্টেম উদ্ভাবন করা হবে। স্ব স্ব নিয়ন্ত্রণকারী অফিস/ কার্যালয় যথাযথভাবে এ সংক্রান্ত ডাটা এন্ট্রি করবে। কর্তৃপক্ষ চাহিদা মোতাবেক রিপোর্টিং সিস্টেম হতে এতদ্‌বিষয়ে বিবরণী সংগ্রহ করবে।

১৫.০০ অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর যদি হিসাব খোলা, হিসাবে সুদারোপ, হিসাব বন্ধকরণ এবং এছাড়াও বিজ্ঞপ্তির অন্য কোন সমস্যা বা জটিলতার উদ্ভব হয় সেক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সম্মানিত পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত "জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম" শীর্ষক প্রকল্পের আওতায় হিসাব খোলার কার্যক্রম আগামী ১৫ জানুয়ারি, ২০২৪ তারিখ হতে শুরু করা হবে এবং কর্তৃপক্ষ কর্তৃক পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত চালু থাকবে।

এমতাবস্থায়, উপরোক্ত নীতিমালা মোতাবেক বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হল।

| | |
|---|---|
| 01-01-2024 | 01.01.2024 |
| (মোঃ আবদুস সোবহান মিয়া )<br>উপ-মহাব্যবস্থাপক | (প্রতিভা রানী সরকার)<br>মহাব্যবস্থাপক |

পরিশিষ্ট-'ক'

বিষয় : "জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম " হিসাব পরিচালনা সংক্রান্ত হিসাবধারীকে জ্ঞাতব্য নিয়মাবলি।

**১.০ হিসাব খোলা :**

১.১ সঠিকভাবে KYC এবং TP পূরণ করে স্কীম হিসাবটি খুলতে হবে।

১.২ গ্রাহকের মাসিক মুনাফা সঞ্চয়ী/ চলতি হিসাবে জমা হবে বিধায় জনতা ব্যাংকে গ্রাহকের একটি সঞ্চয়ী/ চলতি হিসাব থাকতে হবে।

**১.৩ নমিনি মনোনয়ন:**

**ক)** হিসাবধারী তার হিসাবে নমিনি নিযুক্ত করবেন এবং যে কোন সময় লিখিত আবেদনের মাধ্যমে নমিনি পরিবর্তন করতে পারবেন;

**খ)** নাবালককে নমিনি করতে চাইলে সেক্ষেত্রে নাবালককে সনাক্ত করতে হবে এবং সনাক্তকারীর জাতীয় পরিচয়পত্র হিসাব খোলার অন্যান্য কাগজপত্রের সাথে শাখায় সংরক্ষণ করতে হবে।

২.০ **জমাদান পদ্ধতি :** গ্রাহক নগদ/চেক/ আরটিজিএস/ বিএফটিএন/ই-জনতা অ্যাপ মাধ্যমে উক্ত হিসাবে এককালীন অর্থ জমা করে স্কীম হিসাব খুলতে পারবেন। উক্ত অর্থ অত্র ব্যাংকে জমা হওয়ার পর গ্রাহক এর অনুকূলে স্কীম সুবিধা চালু হবে।

৩.০ **মেয়াদের পূর্বে হিসাব বন্ধ করা হলে :**

গ্রাহক ইচ্ছা করলে যে কোন সময় সংশ্লিষ্ট শাখা প্রধানের বরাবরে লিখিত আবেদন করে স্বীয় হিসাব বন্ধ করতে পারবেন। এ ক্ষেত্রে হিসাববন্ধকরণ চার্জ ও সরকারি আবগারী শুল্ক আদায়সহ সংশ্লিষ্ট স্কীমের নি:বি: এর ৯.০০ অনুচ্ছেদ পরিপালনযোগ্য হবে।

**৪.০০ মেয়াদ উত্তীর্ণ হবার পূর্বে হিসাবধারীর মৃত্যু হলে করণীয় :**

**৪.১.** হিসাবধারীর মৃত্যুর দিন হতেই হিসাবের কার্যক্রম বন্ধ হয়ে যাবে এবং হিসাবধারী মৃত্যুর পর ঋণ সমন্বয়পূর্বক (যদি থাকে) নমিনি হিসাবের অর্থ প্রাপ্য হবেন, সেক্ষেত্রে শাখা পর্যায়েই হিসাবটি নিষ্পত্তিযোগ্য হবে। তবে নমিনি নাবালক হলে, সেক্ষেত্রে যথাযথ আদালত কর্তৃক প্রদত্ত নির্দেশনা/ সিদ্ধান্ত/ গৃহীত ব্যবস্থা চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

**৪.২** নমিনিকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে :

(ক) নমিনি/ আইনানুগ অভিভাবকের (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) আবেদনপত্র;

(খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হিসাবধারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র অথবা মৃত্যু নিবন্ধনের প্রমাণক;

(গ) নমিনি/ আইনানুগ অভিভাবকের (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(ঘ) নমিনি/ আইনানুগ অভিভাবকের (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি;

(ঙ) ভবিষ্যতে কোন জটিলতা বা সমস্যার উদ্ভব হলে তা সমাধানের জন্য নমিনি অথবা আইনানুগ অভিভাবক (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক ব্যাংকের অনুকূলে সম্পাদিত ইনডেমনিটি বন্ড;

(চ) নমিনির পরিচয় যাচাইয়ের জন্য ছবি ও স্বাক্ষর সত্যায়নপূর্বক স্থানীয় চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(ছ) গ্রাহককে প্রদেয় 'জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম' এর রশিদ এর মূলকপি।

**৪.৩** হিসাবধারীর মৃত্যু হলে নমিনি কর্তৃক শাখাকে বিষয়টি যথাশীঘ্রই অবহিত করতে হবে। অন্যথায় যে কোন জটিলতার জন্য ব্যাংক কর্তৃপক্ষ দায়ী থাকবেন না।

**৪.৪ হিসাবধারীর মৃত্যুর পর নমিনি হিসাব পরিচালনা করতে চাইলে :**

গ্রাহকের মৃত্যুর পর নমিনি ইচ্ছে করলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাবটি পরিচালনা করতে পারবেন। তবে সেক্ষেত্রে,

- স্কীম হিসাবধারী ব্যক্তির স্ত্রী/ স্বামী/ সন্তান নমিনি হলেই কেবলমাত্র এ বিশেষ সুবিধা প্রাপ্য হবেন ;
- উক্ত স্কীম হিসাবের বিপরীতে ঋণ থাকলে এ সুবিধা প্রযোজ্য হবে না ;

এ সুবিধা গ্রহণের জন্য নমিনির লিখিত আবেদনপত্রসহ ৪.২ অনুচ্ছেদ এ বর্ণিত সকল কাগজপত্রাদি গ্রহণ করতে হবে। শাখা কর্তৃক সকল কাগজপত্রাদির সঠিকতা যাচাইবাছাইপূর্বক নিশ্চিত হয়ে স্কীম হিসাবটি মেয়াদপূর্তি পর্যন্ত চালু রাখা যেতে পারে। এক্ষেত্রে গ্রাহকের মৃত্যুর পূর্বে যে হিসাবে মাসিক মুনাফা জমা করা হত, তা বন্ধ করে নমিনির নিজ নামীয় নতুন সঞ্চয়ী/ চলতি হিসাব খুলে অথবা শাখায় নমিনির বিদ্যমান সঞ্চয়ী/ চলতি হিসাবে মাসিক মুনাফার অর্থ জমা করা হবে।

**৫.০ বিশেষ শর্তাদি :**

৫.১ হিসাবের মেয়াদ, জমাকৃত অংকের পরিমাণ কোনভাবেই পরিবর্তন করা যাবে না ;

৫.২ এ হিসাবের বিপরীতে কোন চেকবই প্রদান করা হবে না;

৫.৩ গ্রাহক এই মর্মে অঙ্গীকার করছেন যে ব্যাংক সরকারি নির্দেশনা/ নিজস্ব প্রয়োজনে মুনাফা কম/ বেশি প্রদান করলে তাদের ওজর আপত্তি থাকবে না।

৫.৪ সরকার কর্তৃক প্রবর্তিত বর্তমান উৎসে কর, আবগারি শুল্ক এর ধাপ/ হার বিবেচনায় "জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম " এর হিসাবায়ন করা হয়েছে। তবে ভবিষ্যতে আদায়যোগ্য সরকারি পাওনা (উৎসে কর, আবগারি শুল্ক ইত্যাদি) এর ধাপ/ হার পরিবর্তন হলে কিংবা নতুন কোন পাওনা প্রবর্তিত হলে সমসাময়িক ধাপ/ হার অনুযায়ী তা কর্তনপূর্বক গ্রাহককে প্রদান করা হবে।

" জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম " বর্ণিত সকল শর্তাধীনে আমি নিম্নস্বাক্ষরকারী অত্র শাখায় এই স্কীমের আওতায় হিসাব খুললাম।

হিসাবধারীর নাম :

স্বাক্ষর ও তারিখ :

জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম হিসাব নং :

শাখার নাম :

(হিসাবধারী কর্তৃক স্বাক্ষরিত কপি শাখায় Account Opening Application form এর সাথে সংরক্ষণ করতে হবে এবং এক কপি হিসাবধারীকে প্রদান করতে হবে।)